সমকাল

তারিখ ... 18 SEP 2016 ....
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... 2 ... ......

# বিশ্বভারতীতে নির্মাণাধীন বাংলাদেশ ভবন পরিদর্শনে হাইকমিশনার

■ কলকাতা প্রতিনিধি

কবিগুরুর স্মৃতিবিজড়িত শান্তিনিকেতনের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ে নির্মাণাধীন বাংলাদেশ ভবনের কাজ পরিদর্শন করলেন নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার সৈয়দ মোয়াজ্জেম আলি।

গতকাল শনিবার তিনি বিশ্বভারতী পরিদর্শনে গিয়েছিলেন। বিশ্বভারতীর ভারপ্রাপ্ত উপাচার্য স্বপন কুমার দত্ত তাকে নির্মীয়মাণ বাংলাদেশ ভবনের কাজের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। সৈয়দ মোয়াজ্জেম আলি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছিলেন। তিনি নিজ উদ্যোগে অর্থ জোগানের ব্যবস্থাও করেছেন।

আগামী বছরের শেষের দিকে বাংলাদেশ ভবন নির্মাণের কাজ সম্পন্ন হবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি বলেন নির্মাণের পর বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসে এ ভবনের উদ্বোধন করবেন।

স্বপন কুমার দত্ত বলেন, ভারত-বাংলাদেশের মধ্যে অত্যন্ত ভালো সম্পর্ক রয়েছে। সেখানে বিশ্বভারতীতে বাংলাদেশ ভবন তৈরি হলে দু'দেশের মধ্যে সংযোগ আরও বাড়বে। বাংলাদেশের সঙ্গে এ ভবন নির্মাণের মাধ্যমে সম্পর্ক আরও সুদৃঢ় হবে।